DD(ATM)
AA/RO

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ, কুর্মিটোলা
বোর্ড ও সমন্বয় শাখা
www.caab.gov.bd

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ১৭/১০/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি। |
| সভার স্থান | : | সদর দপ্তর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : | ১৭/১০/২০২২ খ্রিঃ। |
| সভার সময় | : | বেলা ১০.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। এছাড়া বিমানবন্দর ব্যবস্থাপকগণ অনলাইনে (Zoom) এর মাধ্যমে যুক্ত হন।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোনো সংশোধনী না থাকায় সেপ্টেম্বর/২০২২ মাসের কার্যবিবরণী অনুমোদন করা হলো। | | পরিচালক (প্রশাসন) |
| ২. | শূন্য পদ পূরণ | নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী কর্তৃপক্ষের পদোন্নতি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে জানুয়ারি/২০২২ হতে এ পর্যন্ত ১৫৭ (একশত সাতান্ন) জন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ১৬২০টি পদে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিয়োগ কমিটি কর্তৃক সরকারি বিধিবিধান, কোটা ইত্যাদি বিবেচনাপূর্বক ৯ম গ্রেডের ৩৮ জন ও ১৪ হতে গ্রেড-২০ পর্যন্ত মোট ৯২৯ জন কর্মচারির ফলাফল প্রকাশ করা হয়। তার প্রেক্ষিতে ২১/০৯/২০২২ তারিখ পর্যন্ত ৯ম গ্রেডের ৩৩ জন এবং ১৪ থেকে ২০ গ্রেডের ৭৮৩ জন কর্মকর্তা কর্মচারী বিভিন্ন পদে যোগদান করেছেন। যোগদানের জন্য পত্র প্রেরণ করা হলেও ১৪৬ জন কর্মকর্তা-কর্মচারী নির্ধারিত সময়ে যোগদান করেনি। এছাড়া, আদালতে মামলার প্রেক্ষিতে বন্ধ থাকায় সহকারী প্রকৌশলী (ই/এম) পদের পরীক্ষা স্থগিত থাকে। মামলা মিমাংসার পর সহকারী প্রকৌশলী (ই/এম) পদের ১৯৭২ জন প্রার্থীর ০৭/১০/২০২২ তারিখ MCQ পরীক্ষা, ০৮/১০/২০২২ তারিখ লিখিত পরীক্ষা ও ১০/১০/২০২২ তারিখ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। যেসকল পদের ফলাফল এখনও প্রকাশ করা হয়নি তা খুব শীঘ্রই প্রকাশ করা হবে। | যে সকল পদ চূড়ান্ত নিয়োগ দেয়া হয়নি সে সকল পদে দ্রুত নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩. | ওয়েবসাইট উন্নয়ন | ক) পরিচালক (সিএনএস) জানান যে, নতুন ওয়েবসাইট অপারেশনে আছে। বিভিন্ন মডিউল মডিফিকেশনের কাজ ও পুরাতন ওয়েব সাইট হতে নতুন ওয়েবসাইটে ডাটা হাল নাগাদের কাজ চলছে। ভাষা বাটন হাইলাইট ডিজাইন আপডেট করা হয়েছে, চেয়ারম্যানের ছবি আপডেট করা হয়েছে। প্রধান মেনু বিভাগে বিমানবন্দর মেনুটিকে মোর মেনু বিভাগে প্রতিস্থাপন করা হয়েছে। হোম পেজের ব্যানার ইমেজ আপডেট করা হয়েছে। অফিসারের তালিকা আপডেট করা হয়েছে। টেবিল ডিজাইন আপডেট করা হয়েছে। | ক) কর্তৃপক্ষের ওয়েবসাইট দৃষ্টিনন্দনের কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। তাছাড়া ওয়েবসাইটে হশাআবি'র জন্য একটি কর্ণার রাখতে হবে যেন সেবাগ্রহিতাগণ সকল প্রকার তথ্য জানতে পারে। | (ক) নির্বাহী পরিচালক (সেমস)/ পরিচালক (সিএনএস)/ |

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>খ) পরিচালক (সিএনএস) জানান যে, হশাআবি'র প্রান্তিক ভবনের অভ্যন্তরে নেটওয়ার্ক উন্নতির লক্ষ্যে ইতিমধ্যে ১১০টি DAS বসানো হয়েছে। এতে করে প্রান্তিক ভবনের অভ্যন্তরে ডাটা স্পিডসহ নেটওয়ার্ক কভারেজ পূর্বের ভালো তুলনায় হয়েছে। বিমানবন্দরের অভ্যন্তরে রানওয়েসহ পেরিফেরিয়াল সকল স্থানে নিরবচ্ছিন্ন কভারেজের জন্য প্রান্তিক ভবনের ছাদে বিটিএস এটিন্টা বসানো হয়েছে। যা বর্তমানে লাইভ অপারেশনে আছে। ফলে রানওয়েসহ পেরিফেরিয়াল সকল স্থানে নেটওয়ার্ক স্বাভাবিক হয়েছে।<br>(গ) কাওলা আবাসিক এলাকায় রবিসহ গ্রামীণ ফোনের বিটিএস এন্টেনা বসানোর জন্য স্থান নির্ধারণের আবেদনের প্রেক্ষিতে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি উক্ত এলাকায় সরেজমিনে পরিদর্শন করে অতিশীঘ্রই একটি প্রতিবেদন দাখিল করবেন। স্থান নির্ধারণ করা সাপেক্ষে কাওলা এলাকায় রবি তাদের নেটওয়ার্ক উন্নতির লক্ষ্যে কার্যক্রম শুরু করবেন।</td><td>খ) রবি'র নিকট হতে নেয়া কর্পোরেট সিম ব্যবহারে যেন কোন সমস্যা না হয় সে জন্য রবি'র সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) হশাআবিতে রবি নেটওয়ার্ক সক্রিয়করণের লক্ষ্যে কাওলার আ/এ মোবাইল টাওয়ার স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে গঠিত কমিটি কর্তৃক অতিশীঘ্রই একটি প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>(খ) সদস্য (এটিএম)/ পরিচালক (এটিএম)/ পরিচালক (সিএনএস)<br>(গ) সদস্য(এটিএম)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/পরিচালক (সিএনএস)</td></tr>
<tr><td>৪.</td><td>প্রশিক্ষণ</td><td>(ক) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে কোর্স প্লান অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। জুন/২২ পর্যন্ত পাঁচ/ছয় শত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া যাবে। কিছু অনলাইনে কোর্স করানো হবে। তিনি আরো জানান যে, গত ১৬/১০/২০২২ তারিখ হতে Basic Office Management Course-১৭ শুরু হয়েছে এবং ২৩/১০/২০২২ খ্রিঃ হতে Basic Office Management Course-১৮ শুরু হবে। পুরাতনদের সাথে অতিরিক্ত ৮জন নতুন কর্মচারীদেরকে এই কোর্সের অন্তর্ভুক্ত করা হয়েছে। ATM বিভাগে যে সকল কর্মকর্তা যোগদান করেছেন তাদের ট্রেডভিত্তিক ATC কোর্সে যাওয়ার পুর্বে এক মাস Basic Foundation কোর্স করানো হবে। এ কোর্স শেষ হওয়ার পর Basic ATC কোর্স শুরু হবে। পরিচালক (সিএএ) আরও জানান যে, চলতি আর্থিক সালে দুইটি ATC কোর্স ও নয়টি Basic Office Management Course করানো সম্ভব হবে।<br>(খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, ICAO এর Trainairplus Membership Regain করার জন্য ICAO GAT এর সঙ্গে যোগাযোগ অব্যাহত আছে। ICAO অনুমোদন পেলে গত বছরের ন্যায় ২০২২-২৩ অর্থ বছরেও International ট্রেনিং Course করানো হবে।<br>(গ) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়মিত বিভিন্ন মেয়াদে On the Job Training করানো হয়। এছাড়া, অন্যান্য বিমানবন্দরেও OJT কার্যক্রম চালু আছে। APA- তে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুসারে কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করার লক্ষ্যে একটি কমিটি গঠিত হয়েছে।</td><td>ক) অনুমোদিত Course Plan এর টার্গেট অনুযায়ী সিএটিসি'র প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।<br>(খ) ICAO এর পূর্ণ সদস্যপদ পাওয়ার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। ইন্টারন্যাশনাল ট্রেনিং কোর্সের জন্য ICAO এর সাথে যোগাযোগ করতে হবে।<br>(গ) APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া, সকল বিমানবন্দরে নিয়মিত On the Job Training -এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর তথ্য প্রতি মাসের ১-৩ তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক সদর দপ্তরের প্রশাসন বিভাগে আবশ্যিক ভাবে প্রেরণ করতে হবে।<table><tr><th>দপ্তর/ ইউনিটের নাম</th><th>প্রশিক্ষণের বিষয়বস্তু</th><th>প্রশিক্ষণের সময়কাল</th><th>প্রশিক্ষণে উপস্থিতির সংখ্যা</th></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr></table></td><td>(ক)পরিচালক(সিএএ)<br>(খ) পরিচালক(সিএএ)<br>(গ)নির্বাহী পরিচালক (হশাআবি)/ নির্বাহী পরিচালক (সেমস্)/ পরিচালক (সকল)/ পরিচালক (সিএএ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৫.</td><td>কোর্ট মামলা</td><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td>বেবিচকের কোর্ট মামলা নিষ্পত্তি</td><td>ক) প্রশাসনিক মন্ত্রণালয়ে 'ছক' মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। সেপ্টেম্বর/২০২২ মাসের কোর্ট মামলার বিবরণী:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>আগস্ট/২২ মাসের জের</td><td>২৯৭টি</td><td>--</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২২ মাসে দায়ের</td><td>০০</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলা</td><td>২৯৭টি</td><td></td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২২মাসে নিষ্পত্তি</td><td>০৩</td><td>--</td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>২৯৪টি</td><td>--</td></tr>
<tr><td>মামলার রায় বিপক্ষে যাওয়ার কারণ</td><td>--</td><td>সেপ্টেম্বর মাসে কোন মামলার রায় বেবিচকের বিপক্ষে যায়নি।</td></tr>
<tr><td>আপীল করা হয়েছে কিনা</td><td>--</td><td>যেহেতু কোন মামলার রায় বেবিচকের বিপক্ষে যায়নি, সেহেতু আপীল করার প্রয়োজন হয়নি।</td></tr>
</table>
খ) পরিচালক (প্রশাসন) জানান যে, মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবিদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। গত ১৫/১০/২০২২ তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবিদের সাথে সভার আয়োজন করা হয়েছে।<br><br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে সেগুলোর সার্টিফাইড কপি পাওয়ার পর যথাসময়ে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।</td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবীদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইনজীবীদের সাথে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>গ) যে সকল মামলার রায় বেবিচকের বিপক্ষে গেছে তার সার্টিফাইড কপি পাওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে যথারীতি আপিল দায়ের করতে হবে।</td><td>পরিচালক (এটিএম)/ আইন কর্মকর্তা</td></tr>
<tr><td>৬.</td><td>বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA)</td><td>ক) গত ০৪/১০/২০২২ তারিখে মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>খ) ২০২২-২৩ এর APA লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মন্ত্রণালয় থেকে পত্র প্রদান করা হয়েছে সে মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে কর্তৃপক্ষ সচেষ্ট আছে। এপিএ ২০২২-২৩ অন্তর্ভুক্ত ৫টি কার্যক্রম/লক্ষ্যমাত্রা পরিবর্তনের লক্ষ্যে যৌক্তিকতা সহকারে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। গত ১৩/১০/২০২২ তারিখে এপিএ-এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে।</td><td>(ক) মন্ত্রণালয় সংশ্লিষ্ট এপিএ-এর কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করতে হবে।<br>(খ) APA তে ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বোচ্চ উদ্যোগ বজায় রাখতে হবে।</td><td>(ক ও খ) পরিচালক (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ এপিএ টিম প্রধান/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
<tr><td>৭.</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td><td>(ক) গত ১২/১০/২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>(খ) পরিচালক (প্রশাসন) জানান যে, গত ২৭/০৬/২০২২ তারিখে শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা কমিটির সভার মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারের জন্য ০১ জন কর্মকর্তা ও ০২ জন কর্মচারীকে মনোনীত করা হয়েছে। তবে মনোনীত কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করা হয়নি।</td><td>(ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) চলতি মাসের মধ্যে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থার গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)।</td></tr>
<tr><td>৮.</td><td>সিএএবি'র নাগরিক সেবায় উদ্ভাবনীমূলক কার্যক্রম ও ই-সার্ভিস বাস্তবায়ন কাজের অগ্রগতি</td><td>ক) 'Digital Airport Services' এর কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে কাজের অগ্রগতির বিষয়ে ছকে অঙ্কিত একটি রিপোর্ট পাওয়া গেছে। তা থেকে দেখা যায় যে, Notifications, Project Kick-off, Planning and Analysis, Design ইত্যাদির কাজ ১০০% শেষ হয়েছে, Planning and Analysis, Design-এর মধ্যে Front end Development ব্যতীত অন্যান্য কাজ ১০০% সমাপ্ত হয়েছে। Front end Development-এর কাজ ৭০% শেষ হয়েছে। এছাড়া, Development আওতাভুক্ত বিভিন্ন ধরনের কাজ যেমন</td><td>ক) 'Digital Airport Services' এর কার্যক্রমের সকল কাজ সমাপ্ত করে ১৬ ডিসেম্বর/২০২২ তারিখ আনুষ্ঠানিকভাবে চালু করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (হশাআবি/ পরিচালক (সিএনএস)/ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>Informatiove Service, Support & Claim Management Service এর কাজ গড়ে ৩০%, ASA Airport Smart Assistance Service, Voice Assistance, Indoor Location Service, Live Notification ইত্যাদির কাজ গড়ে ১৭% শেষ হয়েছে। সকল কাজ শেষে আগামী ১৬ ডিসেম্বর/২২ এ User Acceptance Test করা সম্ভব হবে।<br>(খ) বেবিচক-এর ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত আছে। হশাআবি এর টার্মিনাল ভবনের গেট সমূহের সম্মুখে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে যাত্রীদেরকে ফ্লাইট সংক্রান্ত তথ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রণীত ই-সেবাটি বাস্তবায়িত হয়েছে। এছাড়া, সাধারণ ভবিষ্যত তহবিল হতে কর্মচারীদের অর্থ উত্তোলন বিষয়ক সেবা সহজিকরণ বাস্তবায়ন সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫/০৩/২০২২ তারিখের মধ্যে Computer-based (interactive) GSAT শীর্ষক উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হয়েছে। এছাড়া, হশাআবি বিমানবন্দরে অধিবাসী কর্মীদের সহজে আগমন ও নির্গমনের জন্য শাটল বাসের ব্যবস্থা করা হবে। এছাড়া, জনসাধারণকে সঠিক তথ্য জানানোর জন্য হশাআবি কেন্দ্রিক একটি Youtube চ্যানেল চালুর বিষয়ে নির্বাহী পরিচালক, হশাআবি বিগত মাসিক সমন্বয় সভায় উত্থাপন করেন। গত ১১/১০/২০২২ তারিখে ইনোভেশন কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>খ) ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td></td></tr>
<tr><td>৯.</td><td>অভিযোগ ও গণশুনানী</td><td>ক) পরিচালক (প্রশাসন) জানান যে, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির মাসিক প্রতিবেদন স্মারক নম্বর ৩০.২১১.০০০০.৩১. ৩১.০১০. ২২. ১২০৬, তারিখঃ ০২/১০/২০২২ এর মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>খ) গত ০৫/০৯/২০২২ তারিখ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গণশুনানী ও ০৪/০৪/২০২২ তারিখ স্টেক হোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ২৭/০৯/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা ও ২৯/০৯/২০২২ তারিখ গণশুনানী অনুষ্ঠিত হয়েছে এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ গত ১৫/০৬/২০২২ তারিখ গণশুনানী ও ১৩/০৬/২০২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়। কক্সবাজার বিমানবন্দরে ২৭/০৯/২২ তারিখ ও সৈয়দপুর বিমানবন্দরে ১৪/০৯/২২ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়।</td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রত্যেক বিমানবন্দর হতে প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি স্টেকহোল্ডার সভা ও ১টি গণশুনানীর আয়োজন করতে হবে এবং গণশুনানীতে চেয়ারম্যানকে আমন্ত্রণ জানাতে হবে। গণশুনানীর ফিডব্যাক এর জন্য স্টেক হোল্ডারদের পত্র দিতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)/ (হশাআবি)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।</td></tr>
<tr><td>১০.</td><td>বিভাগীয় মামলা</td><td>ক) অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং নির্ধারিত ছক অনুযায়ী মামলাসমূহের তথ্য প্রেরণ অব্যাহত আছে। সেপ্টেম্বর/২০২২ মাসের বিভাগীয় মামলার বিবরণী:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>আগষ্ট, ২০২২ মাসের জের</td><td>৩৫টি</td><td>--</td></tr>
<tr><td>সেপ্টেম্বর, ২০২২ মাসে রুজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা (বিস্তারিতঃ কপি সংযুক্ত)।</td><td>০২টি</td><td>(১) শাহ আমানত আন্তঃ বিমানবন্দরে দায়িত্ব পালনকালে মোঃ ইসমাইল হোসেন বেলদার ০৪টি স্বর্ণেরবার সহ আটক<br>(২) জনাব কামাল হোসেন নিরাপত্তা অধিক্ষক এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগ দায়ের...</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৭টি</td><td>--</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০২ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>০৩টি</td><td></td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>৩৪টি</td><td>--</td></tr>
</table></td><td>(ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)/ আইন কর্মকর্তা।</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>৬ মাস বা তদুর্ধ্ব পেন্ডিং মামলার বিবরণ:
<table>
<tr><td>অনুর্ধ্ব ৬ মাস পেন্ডিং মামলা</td><td>১৩টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ১ বছর পেন্ডিং মামলা</td><td>০১টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ২ বছর পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>২ বছর উর্ধ্বে পেন্ডিং মামলা</td><td>১০টি</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>৩৪টি</td><td>--</td></tr>
</table>
(খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহের তালিকা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে।<br>
গ) পরিচালক (প্রশাসন) জানান যে, তদন্তকারী কর্মকর্তাদের থেকে তদন্ত প্রতিবেদন পাওয়া জন্য যোগাযোগ অব্যাহত আছে। চেয়ারম্যান জানান যে, বিভাগীয় মামলার ক্ষেত্রে মামলাসমূহ যথাযথভাবে দায়ের এবং তদন্ত করতে হবে। কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল না করলে সংশ্লিষ্ট কর্মকর্তার পদোন্নতির সমস্যা সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে। সে ক্ষেত্রে জুনিয়র কর্মকর্তাগণ পদোন্নতি পাওয়ায় মামলা চলমান কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হয়।</td><td>খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
(গ) তদন্ত কর্মকর্তাগণ কে নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে বিভাগীয় মামলা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>ক) ছক মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। সেপ্টেম্বর/২০২২ মাসের অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>টাকা (লক্ষ)</th></tr>
<tr><td>আগষ্ট/২০২২ মাসের জের</td><td>১১১৯</td><td>১৪৭০৭৩৬.৩১</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০২২ মাসে আগত</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>মোট আপত্তি</td><td>১১১৯</td><td>১৪৭০৭৩৬.৩১</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০২২ মাসে নিষ্পত্তি</td><td>০৬</td><td>১৫২.৩৯</td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>১১১৩</td><td>১৪৭০৫৮৩.৯২</td></tr>
<tr><td>অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>০২</td><td>৩৪৬৯.১৮</td></tr>
</table>
খ) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দ্রুত অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের সাথে কর্তৃপক্ষের যোগাযোগ অব্যাহত আছে।<br>
গ) কেন্দ্রীয় অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করার নিমিত্ত যোগাযোগ অব্যাহত আছে। পরিচালক (অর্থ) আরও জানান যে, সেপ্টেম্বর/২০২২ মাসে ১৫২.৩৯ লক্ষ টাকার ০৬টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে।</td><td>ক) অডিট আপত্তির বিষয়ে ছক মোতাবেক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>
খ) অডিট আপত্তিসমূহ সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>
গ) প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সদস্য (অর্থ)/ পরিচালক (অর্থ)/উপ-পরিচালক (অডিট)।</td></tr>
<tr><td>১২.</td><td>হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালতের কার্যক্রম</td><td>বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জানান যে, ম্যাজিস্ট্রেটগণ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করছে। গুরুতর অপরাধের ক্ষেত্রে অর্থদন্ড ও সাজা দেওয়া হচ্ছে। এছাড়া, যাত্রীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে। বিদেশ থেকে আগত যাত্রীদের জন্য ভাড়ায় ব্যবহৃত গাড়ী গুলোর ফিটনেস ও অন্যান্য বিষয় দেখা হচ্ছে। এ বিষয়ে যে অনিয়ম আছে তা দূরীকরণের চেষ্টা করা হচ্ছে । নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত সেপ্টেম্বর/২০২২ মাসের প্রতিবেদন নিম্নরূপ:
<table>
<tr><th>ম্যাজিস্ট্রেট এর নাম</th><th>কোর্ট মামলা</th><th>আসামীর সংখ্যা</th><th>আদায়কৃত অর্থের পরিমাণ</th><th>কারাদন্ড</th></tr>
<tr><td>জনাব মোঃ মাসুম রেজা</td><td>৭৬টি</td><td>৮৮ জন</td><td>২,৮১,৫০০/-</td><td>০৬ জন</td></tr>
<tr><td>জনাব মোঃ আজিজুর রহমান</td><td>২৭টি</td><td>৩৬ জন</td><td>৩,৬৯,০০০/-</td><td>০২ জন</td></tr>
<tr><td>মোট</td><td>১০৩টি</td><td>১২৪ জন</td><td>৬,৫০,৫০০/-</td><td>০৮ জন</td></tr>
</table></td><td>হশাআবি'র বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগনের কার্যক্রমের মাসিক প্রতিবেদন ছক মোতাবেক সদর দপ্তর ও পরিচালক, হশাআবি'কে প্রেরণ করতে হবে।</td><td>বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট হশাআবি</td></tr>
<tr><td>১৩.</td><td>বিমান ও অন্যান্য এয়ারলাইন্সের নিকট সিএএবি'র বকেয়া পাওনা</td><td>(ক) বিভিন্ন দেশীয় এয়ারলাইন্স-কে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে পত্র প্রেরণ অব্যাহত রয়েছে।<br>
(খ) বকেয়া পাওনা আদায়ে এয়ারলাইন্সগুলোর সাথে নিয়মিত সভা করা হচ্ছে। তাছাড়া, ২৬টি বিদেশী এয়ারলাইন্সের কাছে পাওনাদির বিষয়ে চিঠি দেওয়া হয়েছে। সভাপতি জানান যে, ইউএস বাংলা এয়ারলাইন্স প্রফিট করায় তাদের বকেয়া পাওনা দ্রুত পরিশোধের জন্য পত্র দিতে হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ অন্যান্য</td><td>ক) বিভিন্ন এয়ারলাইন্সের কাছে (বিদেশী এয়ারলাইন্সসহ) সিএএবি'র বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নির্দিষ্ট সময় পর পর পত্র প্রেরণ করতে হবে।<br>
খ) সকল এয়ারলাইন্স এর</td><td>সদস্য (অর্থ)/ পরিচালক(অর্থ)/ পরিচালক (এটিএম)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)।<br>
পরিচালক(অর্থ)/</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>এয়ারলাইন্সের নিকট জুন/২০২২ পর্যন্ত বকেয়া রাজস্ব পাওনার পরিমাণ নিম্নরূপ:
<table>
<tr><th>এয়ারলাইন্সের নাম</th><th>এপ্রিল/২০২২</th><th></th><th>মে/২০২২</th><th></th><th>জুন/২০২২</th><th></th><th>মোট (মূল-বিল, ভ্যাট, আয়কর, সারচার্জসহ)</th></tr>
<tr><th></th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th></th></tr>
<tr><td>বিমান বাংলাদেশ</td><td>১৬২১৬৪৩৫৫.২০</td><td>১১০৫১৪২২৩.৮৮</td><td>১৬৮৭৯০৭৪৬.৩০</td><td>৯৯১৪৭৬৭৮.০৪</td><td>৭৫,১০৮,১৬৫.৭৭</td><td>৪৩৭,০৫৮,৪১৩.৩০</td><td>৮০,৮০৮,৭৬৭,৬১২.৮৬</td></tr>
<tr><td>রিজেন্ট</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td></td><td>-</td><td>-</td><td>৩,১৯০,৬২২,৭৩৩.০৬</td></tr>
<tr><td>নভো এয়ার</td><td>৪২৮৮৬১০৯.৮৬</td><td>৩০৩৬৮৯৭.০০</td><td>৪৬৬১২৫০১.৪৬</td><td>৭৮৫৯৩৯৮.০০</td><td>১১,৩৪৭,৭৬০.২১</td><td>৮,৫০৫,৫৯২.০০</td><td>১০০,০৪০,০৫৬.০১</td></tr>
<tr><td>ইউএস বাংলা</td><td>১৫৮৬৪৮১৭.৩৯</td><td>৮৮৬০৫২৪০.৮০</td><td>১৮৮৯৭৯২৭.৮৯</td><td>৮৪৮৬৩৯৩৭.০০</td><td>৮৭,২১৫,৪০০.০৭</td><td>৯১,০২৩,৫০৬.৪১</td><td>-</td></tr>
<tr><td>ইউনাইটেড এয়ার</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td>-</td><td>-</td><td>২,১০০,৭৮৪,৮১৭.৭২</td></tr>
<tr><td>জিএমজি</td><td>০.০০</td><td>০.০০</td><td>০.০০</td><td></td><td>-</td><td>-</td><td>২,০৪৯,৮৯৫,৭৪৭.১৮</td></tr>
<tr><td>মোট</td><td>২২০৯১৫২৭৯.৩৯</td><td>২০৫১৫৬৩৬১.৬৮</td><td>২৩০৯০১১৭৫.৬৫</td><td>১৯১৮৭১০৪৩.০৪</td><td>১৭৩,৬৭১,৩৮৯.০৫</td><td>৫৩৬,৫৮৭,২১১.৭১</td><td>৮৮,২৫০,১১০,৯৬৬.৮৩</td></tr>
</table>
গ) পরিচালক (অর্থ) জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সাথে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নিয়মিত সভা করা হচ্ছে। বিমানের বকেয়া পাওনাদি আদায়ের বিষয়ে প্রত্যেক বিমানবন্দর ব্যবস্থাপকগণ আলাদাভাবে বিমানকে নিয়মিতভাবে পত্র প্রেরণ করছে। বিমানবন্দরগুলো হতে প্রাপ্ত পত্রের আলোকে বিমানের সকল বকেয়া পাওনাদির বিষয়ে সারসংক্ষেপ আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</td><td>প্রতিনিধিবৃন্দের সাথে বকেয়া পাওনার বিষয়ে পৃথক সভার আয়োজন করতে হবে। বিদেশী এয়ারলাইন্সসহ বকেয়া পাওনা আদায়ের অগ্রগতি জানাতে হবে।<br><br>(গ) বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর বকেয়া পাওনার বিষয়ে প্রত্যেক বিমানবন্দরের ব্যবস্থাপক কর্তৃক আলাদাভাবে বিমান বাংলাদেশ এয়ার লাইন্স কে যে পত্র দেওয়া হয় তার কপি একত্রিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>পরিচালক (এটিএম)<br><br>পরিচালক (অর্থ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>১৪.</td><td>২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন</td><td>উপ-পরিচালক (পরিকল্পনা) জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুতের নিমিত্ত ১০০ কোডের কাজের তালিকা পরিকল্পনা বিভাগে প্রেরণ করার লক্ষ্যে পত্র প্রদান করা হয়েছে। এছাড়া কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবার পর ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। (APP) অনুযায়ী সকল ক্রয় কাজ সম্পাদন করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।</td><td>২০২৩-২৪ অর্থবছরে APP প্রণয়ণের লক্ষ্যে ১০০ কোডের সম্পাদিত কাজের তালিকা চলতি মাসের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>সদস্য(সকল)/ প্রধান প্রকৌশলী/ পরিচালক (সকল)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)/সংশ্লিষ্ট কমিটি</td></tr>
<tr><td>১৫.</td><td>ই-ফাইলিং কার্যক্রমের মাধ্যমে নথি নিষ্পত্তি কার্যক্রম বাস্তবায়ন</td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণকে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথিতে লগইন করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, সিভিল এভিয়েশন একাডেমিতে নতুন কোর্স প্লান অনুযায়ী ই-ফাইলিং এর উপর ট্রেনিং করানো হবে। এছাড়া, অভ্যন্তরীণ ট্রেনিং এ ই-ফাইলিং এর উপর ট্রেনিং কোর্স চালু করা যেতে পারে।<br><br>(গ) এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল দপ্তর/বিভাগীয় প্রধান সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। ই-ফাইলিং কার্যক্রমের জুলাই টু সেপ্টেম্বর/২২ নিস্পত্তির হার ৮৭.৮২%। সভাপতি এ নিস্পত্তির হার ৯০% এ উন্নীত করণের জন্য সর্বাত্ম ক প্রচেষ্ট অব্যাহত রাখার জন্য নিদেশনা প্রদান করেন।<br><br>কর্তৃপক্ষের ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ সেপ্টেম্বর- ৩০ সেপ্টেম্বর, ২০২২):
<table>
<tr><th>নথির সংখ্যা</th><th>ডাক সৃজিত নোটে নিস্পত্তি</th><th>নোটে নিস্পত্তি</th><th>পত্র জারিতে নিস্পন্ন নোট</th><th>মোট</th><th>মোট পত্রজারি</th></tr>
<tr><td>২১২</td><td>২৪১</td><td>৭৮১</td><td>১০২১</td><td>২০৪৩</td><td>১৭১৯</td></tr>
</table></td><td>(ক) প্রত্যেক বিভাগের সংশ্লিষ্ট শাখায় ই-ফাইলিং ব্যবহারকারীগণ কে ডাক ও নথি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিদিন ই-নথি লগইন করতে হবে এবং ই-নথির সমন্বয়কারীকে সকল দপ্তরে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সিএটিসি ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স-এ নথি উপস্থাপনকারীদের ই-নথির উপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তরের অধিকাংশ কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সকল দপ্তর/বিভাগীয় প্রধানকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ই-ফাইলিং ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br><br>(খ) পরিচালক (সিএটিসি)<br><br>(গ) সকল বিভাগীয় দপ্তর প্রধান</td></tr>
<tr><td></td><td>বিবিধ-ক হশাআবি'র এভসেক</td><td>নির্বাহী পরিচালক হশাআবি জানান যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সেপ্টেম্বর/২০২২ মাসের এভসেক বিভাগের কার্যক্রম নিম্নরূপ:
<table>
<tr><th>ঘটনার ধরণ/প্রকৃতি</th><th>তারিখ ও সময়</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
</table></td><td>হশাআবির এভসেক শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং এভসেকের</td><td>নির্বাহী পরিচালক (হশাআবি)</td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>বিভাগের কার্যক্রম উপস্থাপন।</td><td><table>
<tr><td>স্বর্ণ চোরাচালান</td><td>১০ সেপ্টেম্বর ২২</td><td>স্বর্ণ পাচার সহযোগীতা কর্মকান্ডের সাথে জড়িত।</td><td>অভিযুক্ত সাধারণ আনসার সদস্যদের চাকুরী হতে অব্যহতি প্রদান করা হয়েছে।</td></tr>
<tr><td>গোলাবারুদ উদ্ধার</td><td>২৩ সেপ্টেম্বর ২২ ১৪০০ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে আগ্নেয়াস্ত্রের ০১টি তাজা বুলেট উদ্ধার।</td><td>অভিযুক্ত যাত্রীকে আগ্নেয়াস্ত্রের ০১টি তাজা বুলেটসহ বিমানবন্দর থানায় হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>বৈদেশিক মুদ্রা উদ্ধার</td><td>১০ সেপ্টেম্বর ২২ ০৮০০ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে ২৩,৫০০ মার্কিন ডলার উদ্ধার</td><td>অভিযুক্ত যাত্রীসহ ২৩,৫০০ মার্কিন ডলার কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td></td><td>১২ সেপ্টেম্বর ২২ ১২২০ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে ১২০০০ ডলার ও ১২০০ থাই বাথ উদ্ধার।</td><td>অভিযুক্ত যাত্রীসহ ১২০০০ ডলার এবং ১২০০ থাই বাথ কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td></td><td>২৫ সেপ্টেম্বর ২২ ২১০০ ঘটিকায়</td><td>যাত্রীর নিকট হতে ৫০,০০০ সৌদি রিয়াল উদ্ধার।</td><td>অভিযুক্ত যাত্রীসহ ৫০,০০০ সৌদি রিয়াল কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
</table></td><td>কার্যক্রম মাস শেষে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>বিবিধ-খ<br>প্রশাসনিক মন্ত্রণালয়ের পেন্ডিং চিঠিপত্র সংক্রান্ত।</td><td>পরিচালক (প্রশাসন) জানান যে, প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পেন্ডিং পত্রসমূহের জবাব ক্রমান্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এছাড়া, মন্ত্রণালয়ে বেবিচকের যে সকল পেন্ডিং ইস্যু রয়েছে সেগুলো সংগ্রহপূর্বক এর অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়ে থাকে।</td><td>প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রসমূহ পেন্ডিং না রেখে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (সকল)</td></tr>
<tr><td>বিবিধ-গ<br>কর্তৃপক্ষ'র পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক ও প্রকৌশল বিভাগের সমপর্যায়ের কর্মকর্তাদের কর্মবন্টন (Job Distribution)</td><td>(ক) পরিচালক (প্রশাসন) জানান যে, সেমসু থেকে প্রাপ্ত বিভিন্ন পদের Job Description যাচাই করতঃ নির্বাহী পরিচালক (সেমসু) এর সাথে আলোচনা করে তা নির্ধারণ করা হবে।<br><br>(খ) পরিচালক(প্রশাসন) জানান যে, গত ২৫/০৫/২০২১ তারিখে জারীকৃত কর্মবন্টন অনুযায়ী কর্তৃপক্ষের নিয়মিত পদের জনবল ও আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের বিষয়টি প্রশাসন বিভাগের অন্তর্ভুক্ত। ইতোপূর্বে সিএএবি'র বিভিন্ন বিমানবন্দরের চাহিদা মোতাবেক আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ ও চুক্তি নবায়ন সংক্রান্ত কাজ সদর দপ্তর এটিএম বিভাগ হতে সম্পন্ন করা হতো। সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী আউটসোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের প্রয়োজনে জনবল (প্রযোজ্য ক্ষেত্রে মালামালসহ) নিয়োগের প্রস্তাব/বিদ্যমান চুক্তি নবায়নের সংক্রান্ত নথিসমূহের তালিকা প্রস্তুত করতঃ প্রশাসন বিভাগে প্রেরণের জন্য নথি নং-৩০.৩১.০০০০.২১১.৩২. ৯৪৬.২২. ৯৭০,তারিখ: ৩১/০৮/২০২২ খ্রিঃ এর মাধ্যমে উপ-পরিচালক (এটিএম)'কে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যবধি নথিসমূহ প্রেরণ করা হয়নি। ফলে প্রশাসন বিভাগ হতে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করা যাচ্ছে না।</td><td>(ক) সেমসু থেকে প্রাপ্ত বিভিন্ন পদের Job Description যাচাই করতঃ নির্বাহী পরিচালক (সেমসু) এর সাথে আলোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) কর্মবন্টন অনুযায়ী আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের নথিপত্র পরবর্তী সমন্বয় সভার পূর্বে প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>(ক)নির্বাহী পরিচালক (সেমসু)<br><br>(খ) সদস্য (পরিঃপরিঃ)/ পরিচালক(এটিএম-ডিএন্ডপি)</td></tr>
<tr><td>বিবিধ-ঘ<br>ক) সেমসু জন্য নতুন ভবন নির্মাণ<br>খ) ICT & e-Governance Implemetation in CAAB বিষয়ে আলোচনা</td><td>ক) প্রধান প্রকৌশলী জানান যে, সেমসু'র জন্য নতুন ভবন (ওয়ার হাউজসহ) নির্মাণ কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে। ১৩-১১-২০২২ খ্রিঃ তারিখে দরপত্র ওপেনিং এর দিন ধার্য আছে।<br><br>খ) নির্বাহী পরিচালক (সেমসু) জানান যে, মডিউলগুলোর রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত নতুন ঠিকাদার প্রতিষ্ঠান Tiger IT'র কাজ করছে। পূর্ববর্তী ঠিকাদার প্রতিষ্ঠান হতে কাজ বুঝে না পাওয়ায় নতুন অবস্থায় তাদের কার্যক্রম পরিচালনা করতে অসুবিধা হচ্ছে। পরিচালক (সিএনএস) ও কমিটির অন্যান্য সদস্যগণ তাদের কাজে সহযোগিতা করছে।</td><td>ক) সেমসু'র জন্য নতুন ভবন (ওয়ার হাউজসহ) নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।<br>খ) বর্ণিত মডিউল গুলোর রক্ষণাবেক্ষণ কাজে নতুন নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠান Tiger IT'র সাথে একটি সভার আয়োজন করতে হবে।</td><td>ক) প্রধান প্রকৌশলী/ নির্বাহী পরিচালক, সেমসু<br><br>(খ) নির্বাহী পরিচালক (সেমসু)</td></tr>
<tr><td>বিবিধ-ঙ<br>বিমান কর্তৃক বেবিচক এর জমি ব্যবহার</td><td>ক) পরিচালক (প্রশাসন) জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন বিমানবন্দর ভিত্তিক কতটুকু জায়গা ব্যবহার করা হয়, তার সার্ভে রিপোর্ট পাওয়া গেছে। হশাআবি'র যৌথ সার্ভে রিপোর্টে ০৩টি আপত্তিসহ বিমানের প্রতিনিধির স্বাক্ষর করেন। এছাড়া, অর্থ বিভাগ কর্তৃক বিমানের প্রতিনিধির সাথে বসা হয়েছিল। সিএএবির জায়গাসহ বেবিচকের পাওনাদির ১৯টি বিষয় তারা একমত পোষণ করেন এবং ০৫টি বিষয়ে তারা দ্বিমত পোষণ করেন। যেসকল বিষয়ে একমত পোষণ করেছে সে সব বিষয়ে বিমানের সাথে চুক্তি</td><td>(ক) যৌথ সার্ভে রিপোর্ট অনুযায়ী বিমান বাংলাদেশ এয়ার লাইন্স কর্তৃক অতিরিক্ত জায়গা ব্যবহারের বিষয়ে উভয় পক্ষের উপস্থিতিতে সভা আয়োজনের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা</td></tr>
</table>

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করতে হবে। সকল অমিমাংসিত বিষয়ে বেবিচক ও বিমানের উর্দ্ধতন কর্মকর্তাগণ যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে।<br>(খ) সভায় আলোচনা হয় যে, যে সকল বিষয়ে সিএএবি কর্তৃপক্ষের সাথে বিমান একমত পোষণ করেন সে বিষয়ে পরিচালক (প্রশাসন) ও পরিচালক(এটিএম) এর আওতাভুক্ত অংশ সমুহ উভয় পক্ষের উপস্থিতিতে বিমানের সাথে দ্রুত চুক্তিপত্র স্বাক্ষরের কার্যক্রম গ্রহণ করতে হবে। পরিচালক (অর্থ) জানান যে, বিমানের বক্তব্য ও কার্যক্রমের মধ্যে অসামঞ্জ্য পরিলক্ষিত হয়।<br>(গ) সদস্য( নিরাপত্তা) জানান যে, ইতোমধ্যে প্রধান প্রকৌশলী কতৃর্ক হশাআবিতে নির্মীয়মান ৩য় টার্মিনালের ট্রাফিক প্ল্যান এর প্রেজেন্টেশন দেওয়া হয়েছে এবং মাস্টার প্ল্যানের নকশা করা হয়েছে। এছাড়া, ৩য় টার্মিনালের ট্রাফিক প্ল্যান ও মাস্টার প্ল্যানের নকশা চূড়ান্ত করে RAB ও APBN কে কর্তৃপক্ষের কর্ম পরিকল্পনা জানিয়ে দেওয়ার বিষয়ে ইতোপূর্বের সিদ্ধান্ত হয়। কিন্তু RAB এর মহাপরিচালক পরিবর্তন হওয়ায় তা সম্ভব হয়নি। খুব শীঘ্রই তাদের সাথে পুনরায় বসা হবে। | (খ) যে সকল বিষয়ে সিএএবি কর্তৃপক্ষের সাথে বিমান একমত পোষণ করেন সে বিষয়ে উভয় পক্ষের উপস্থিতিতে বিমানের সাথে দ্রুত চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।<br>(গ) RAB ও APBN কর্তৃক ব্যবহৃত বরাদ্দের অতিরিক্ত জায়গা উদ্ধারের জন্য থার্ড টার্মিনালের পরিপূর্ণ মাষ্টারপ্লান/ নকশা (ওয়ার হাউজ ও এপ্রোচ রোডসহ) প্রস্তুত পূর্বক তাদেরকে অবহিত করে জায়গা বুঝিয়ে নেয়ার ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (এটিএম) /উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা<br><br>প্রধান প্রকৌশলী/ উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) |
| | বিবিধ- চ অকেজো বিমান অপসারণ | (ক) পরিচালক (ফায়ার) জানান যে, ২৬/০৯/২১ তারিখ ২১ দিন সময় দিয়ে পুনাঙ্গ রিপোর্ট প্রদানের নিমিত্ত এফএসআর বিভাগে পত্র দেওয়া হয়। অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে গঠিত টেকনিক্যাল কমিটির সভাপতি পরিচালক (এইএলডি) জানান যে, খুব দ্রুত সকল কাজ সম্পাদন করে রিপোর্ট প্রদান করা হবে।<br><br>(খ) উড়োজাহাজগুলো উড্ডয়ণ উপযোগীকিনা তা যাচাই করার জন্য এফএসআর বিভাগের পরিচালক (এইএলডি) সভাপতিত্বে গঠিত কমিটি কাজ করছে। তারা Technical assessment করে রিপোর্ট প্রদান করবেন। তাদের রিপোর্ট পাওয়ার পর সার্ভে কমিটি কর্তৃক সার্ভে কাজ সম্পন্ন করে উড়োজাহাজগুলোর মূল্য নির্ধারণ করতঃ নিলামের পরবর্তী কার্য সম্পাদন করা হবে। | (ক) আলোচ্য উড়োজাহাজ সমুহ উড্ডয়ণের উপযোগী কিনা তা যাচাই করার জন্য পরিচালক (এইএলডি) সভাপতিত্বে একটি টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি উড়োজাহাজসমূহের বাহ্যিক আবরণ থেকে শুরু করে ইঞ্জিন, ফুয়েল, হুইল, যন্ত্রাংশ ইত্যাদির প্রতিবেদন উপস্থাপন করবে।<br>(খ) টেকনিক্যাল কমিটির সুপারিশ পাওয়ার পর মূল্য নির্ধারণের জন্য কর্তৃপক্ষের অর্থ ও এফএসআর বিভাগ হতে এবং সংশ্লিষ্ট কাজে দক্ষ কর্মকর্তাগণের সমন্বয়ে সার্ভে কমিটি গঠন করতে হবে। | (ক ও খ) সদস্য (পরিঃওপরিঃ)/ সদস্য (এফএসআর)/ পরিচালক (এটিএম) |
| | | **প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ** | | |
| ১। | Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software for CAAB on Turnkey basis. | ঙ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের জন্য EOI আহ্বান করা হয়। ১৬টি প্রতিষ্ঠান হতে EOI পাওয়া যায়। প্রতিষ্ঠানগুলোর আনুষাঙ্গিক কাগজপত্র যাচাই-বাছাই করে ৬টি প্রতিষ্ঠানের সঠিকতা পাওয়া গেছে। এ বিষয়ে বেবিচক'র সদস্য (পরিঃ ও পরিঃ) এর সভাপতিত্বে ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মূল্যায়ন পদ্ধতিতে ত্রুটি পরিলক্ষিত হওয়ায় কার্যক্রমটি কিছুটা বিলম্বিত হচ্ছে-যা সমাধানের চেষ্টা করা হচ্ছে। আশা করা যায় অল্প সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করতঃ Software ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা যাবে। | ঙ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সদস্য (এফএসআর)/ নির্বাহী পরিচালক (সেমস্) |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২। | নতুন পাস পলিসি (Airport Pass Policy 2020) অনুযায়ী নিরাপত্তা পাস প্রবর্তন কার্যক্রম | চ.১) বিমানবন্দরে ব্যবহারের জন্য নতুন পাস পলিসি (Airport Pass Policy 2020) অনুযায়ী নিরাপত্তা পাস প্রবর্তনের জন্য Software, Hardware-সহ অন্যান্য সিস্টেম ক্রয় ও সার্ভার সংস্থাপন কাজ সম্পন্ন হয়েছে। নভেম্বর/২০২২ হতে এয়ারপোর্ট সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে পর্যায়ক্রমে নতুন প্রণীত পাস পলিসি অনুযায়ী পাস প্রদান করা হবে।<br><br>চ.২) নতুনভাবে প্রণীত পাস প্রদানের কার্যক্রম এই মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের কার্যক্রম গ্রহণ করা হবে। এপ্রেক্ষাপটে মাননীয় প্রতিমন্ত্রীর সম্মতি সাপেক্ষে উদ্বোধনের তারিখ নির্ধারণ করা হবে। | চ.১)বিমানবন্দরে ব্যবহারের জন্য নতুনভাবে প্রণীত পাস পলিসি বাস্তবায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়াও পাস প্রদানের বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>চ.২) নতুনভাবে প্রণীত পাস ইস্যুর ক্ষেত্রে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের বিষয়ে বেবিচক ব্যবস্থা গ্রহণ করবে। | সদস্য(নিরাপত্তা) |
| ৩। | ড্রোনউড্ডয়ন নীতিমালা প্রণয়ন | জ) প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্র পাওয়া গেছে। উক্ত পত্র মোতাবেক বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ নীতিমালায় অন্তর্ভুক্ত করে খসড়া প্রস্তুতের কাজ চলমান। খুব শীঘ্রই ড্রোন উড্ডয়নের খসড়া চুড়ান্ত করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ড্রোন উড্ডয়ন নীতিমালাটি চূড়ান্তকরণের জন্য ৩১ জানুয়ারী ২০২৩ পর্যন্ত সময় বর্ধিত করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে এ সংক্রান্ত সকল কাজ শেষ করে নীতিমালাটি চুড়ান্ত করা যাবে মর্মে আশা করা যায়। | জ) ড্রোন উড্ডয়ন নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে। একইসাথে এ বিষয়ে শীঘ্রই একটি সভা আহ্বান করতে হবে। | পরিচালক(এফএসআর) |
| ৪। | হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন | ঝ) হেলি প্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে কর্তৃপক্ষের মতামত প্রেরণ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হবে। | ঝ) এলিভেটেড হেলিপ্যাড ও হেলিপোর্ট স্থাপনের নীতিমালা প্রণয়ন দ্রুততম সময়ের সম্পন্ন করতে হবে। | ,, |
| ৫। | বিমানবন্দর ব্যবস্থাপনা | বিমানবন্দরের গ্রাউন্ড হ্যান্ডলিং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক সম্পাদিত হয়ে থাকে। এছাড়া, কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চালু রাখার নিমিত্ত কর্তৃপক্ষের প্রযোজ্য অংশ যথা যথভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ঞ.১) বিমানবন্দর, গ্রাউন্ড হ্যান্ডলিং ও কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চালু রাখতে বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বিশেষ কার্যক্রম অব্যাহত রাখবে ও মন্ত্রণালয়কে অবহিত করবে। | নির্বাহী পরিচালক (হশাআবি) |
| | | ঞ.৩) ইতোমধ্যে চট্টগ্রামে সব ধরনের বিমান চলাচল শুরু করা হয়েছে। সিলেট হতে একমাত্র বিমান বাংলাদেশ এয়ারলাইন্সই আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করছে। এছাড়া অন্য কোন এয়ারলাইন্স চট্টগ্রাম ও সিলেট হতে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করতে চাইলে বেবিচক প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | ঞ.৩) চট্টগ্রাম ও সিলেট হতে আন্তর্জাতিক ফ্লাইট বৃদ্ধির বিষয়ে বেবিচক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। একইসাথে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে বর্ধিত ফ্লাইটের গ্রাউন্ড হ্যান্ডলিং সেবা সুষ্ঠুভাবে প্রদানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিদেশ প্রদান করতে হবে। | সদস্য (পরিঃ ও পরিঃ)/সদস্য (এফএসআর) |
| ৬। | সংশ্লিষ্ট আইন ও বিধি প্রণয়ন | ক) বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধির খসড়া ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ বিধির খসড়া প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের সাথে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, বেবিচক'র কর্মকর্তা/কর্মচারিদের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের জন্য নীতিমালার খসড়া প্রণয়ন করে ১৪/০৬/২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ মোতাবেক প্রশিক্ষণ | ক) বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর বিধির খসড়া এবং বেবিচক'র কর্মকর্তা/ কর্মচারিগণের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের জন্য নীতিমালার খসড়ার আলোকে | সদস্য (এফএসআর)/ সদস্য (প্রশাসন)/ পরিচালক, সিভিল এভিয়েশন একাডেমী |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নীতিমালার খসড়া সংশোধন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| ৭। | "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" | খ) "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা বিধিমালা" এর খসড়া পুনঃপরীক্ষা করে প্রেরণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ নির্দেশনার প্রেক্ষিতে নীতিমালাটি সংশোধন করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হবে। | খ) "বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত বিধিমালা" প্রণয়ণের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সদস্য (এফএসআর) |
| ৮। | "বেসামরিক বিমান চলাচল নীতিমালা"র খসড়া প্রণয়ন | গ) "বেসামরিক বিমান চলাচল নীতি"-র প্রাথমিক খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয় কর্তৃক একাধিকবার এ বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। | গ) সময় নির্ধারণপূর্বক জাতীয় "বেসামরিক বিমান চলাচল নীতি"-র খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সদস্য (এফএসআর) |
| ৯। | সংস্থাসমূহের বেদখলকৃত জমি সংক্রান্ত | খ) ঠাকুরগাঁও বিমানবন্দরের বেদখলকৃত জমিগুলো কর্তৃপক্ষের নিকট আনায়নের কার্যক্রম নেওয়া হয়েছে। মাঠপর্যায় ডিপি ক্ষতিয়ানের জরিপ কার্যক্রম চলমান থাকায় ৪২(ক) বিধি মোতাবেক মিসকেস রুজ্জু করতঃ জোনাল সেটেলমেন্ট অফিসার দিনাজপুর জোন, দিনাজপুর কার্যালয়ে উভয় পক্ষের শুনানীর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, কক্সবাজার বিমানবন্দরের জমি অবেধ দখলদার হতে উদ্ধার করা হয়েছে।<br><br>ব্রিটিশ আমলে নির্মিত তৎকালিন বিমানবন্দরসমূহের জায়গাগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সংশ্লিষ্ট Act অনুযায়ী উল্লেখিত জমিসমূহ কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দ দেয়ার জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছে।<br>ঙ) বেবিচকের অধিগ্রহণকৃত হশাআবি এলাকায় RAB ও APBN কর্তৃক অতিরিক্ত জমি দখলে থাকায় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভা হয়। সভার সিদ্ধান্ত মতে অতিরিক্ত দখলকৃত জায়গায় বেবিচকের তৃতীয় টার্মিনালের ওয়ার হাউজ নির্মাণের নিমিত্ত উক্ত জমি RAB এবং APBN-কে জরুরী ভিত্তিতে বেবিচকের নিকট হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করে পত্র দেওয়া হয়েছে কিন্তু এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।<br>চ) ঢাকাসহ দেশের অন্যান্য বিমানবন্দরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বরাদ্দকৃত জমির অতিরিক্ত জমি পরিমাপ করার জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সিএএবি কর্তৃক ডিজিটাল সার্ভে কার্য সম্পাদন করা হয়েছে। হশাআবিতে নির্মিত ৩য় টার্মিনালের জন্য অনেক জায়গার প্রয়োজন হওয়ায় কিছু বিষয়ে বেবিচক ও বিমানের উর্দ্ধতন কর্মকর্তাগণ যৌথভাবে বসে সিদ্ধান্ত নিতে হবে। উল্লেখ্য যে, বিমান কর্তৃক দাবিকৃত আশকোনার জায়গার লিজ এর মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। কর্তৃপক্ষের প্রয়োজনে জায়গাটি জরুরী ভিত্তিতে দখলমুক্ত করা আবশ্যক। | খ) প্রতিমাসের সমন্বয় সভায় বেবিচক ও বাপক ২/৩ টি জেলার জমির তথ্য উপস্থাপন করতে হবে।<br>ঙ) একইসাথে বেদখলকৃত জমির ডাটাবেজ প্রস্তুত এবং বেদখলকৃত জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>ঘ) ব্রিটিশ আমলে নির্মিত বিমানবন্দরসমূহের জায়গাগুলো বেবিচক'র নামে আনয়নের বিষয়ে বেবিচক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>সংস্থায় জমি দখল/প্রাপ্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>চ) বেবিচক ও বিমান যৌথভাবে বসে লাউঞ্জের ভাড়াসহ যাবতীয় বকেয়া এবং আশকোনার জায়গাসহ সকল জায়গার বিষয় মীমাংসা করবেন এবং এবিষয়ে গৃহিত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | পরিচালক (এটিএম)/উপ-পরিচালক (সম্পত্তি) |
| ১০। | ব্লু ইকনোমি | পরিচালক (এটিএম) জানান, বেবিচকের এয়ার ট্রাফিক সার্ভিস প্রদানকারী জনবলসহ নতুন নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগের কার্যক্রম চলমান। নতুন জনবল নিয়োগের পর প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকরতঃ অর্জিত জলসীমার উপরস্থ আকাশসীমা পর্যন্ত FIR বর্ধিতকরণের প্রস্তাব করা হবে। এ লক্ষ্যে এটিএম সিস্টেম অটোমেশনের জন্য গৃহীত জি টু জি প্রকল্পের আওতায় অত্যাধুনিক RADAR/ADS-B, RCAG, CPDLC ইত্যাদি স্থাপনের নিমিত্ত ক্রয়চুক্তি সম্পাদনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | ব্লু ইকোনমি (সুনীল অর্থনীতি) বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে ছক অনুযায়ী মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। একইসাথে "ওশান ট্যুরিজম নীতিমালা" মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (এটিএম) |
| ১১। | হশাআবিসহ সিএএবি আ/এ | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মশক নিধন করার জন্য রুটিন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মশক নিধনের বিষয়ে | বিমানবন্দরে মশক নিধনের কার্যক্রম অব্যাহত রাখতে | পরিচালক(হশাআবি) |

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | মশক নিধন কার্যক্রম | গৃহীত কার্যক্রম হশাআবি কর্তৃক নিয়মিত মন্ত্রণালয়কে অবহিত করছে। এছাড়া পরীক্ষামূলকভাবে সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত মস্কিউটো ট্রেপিং মেশিন হশাআবি বিমানবন্দরে স্থাপনের ব্যবস্থা করা হচ্ছে। নির্বাহী পরিচালক, হশাআবি কর্তৃক নিয়োজিত কর্মকর্তা বিমানবন্দর এরিয়া নিয়মিতভাবে পরিদর্শন করছে এবং পরিদর্শনকৃত স্থান ছবিসহ বিষয়টি মনিটরিং করা হচ্ছে মর্মে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়কে অবহিত করা হবে। | হবে এবং গৃহীত কার্যক্রম মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। সিটি কর্পোরেশন কর্তৃক ব্যবহৃত মস্কিউটো ট্রেপিং মেশিন বিমানবন্দরে ব্যবহার করা যায় কিনা এবিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। একইসাথে বিমানবন্দর এরিয়া নিয়মিতভাবে পরিদর্শন ও মনিটোরিং করতে হবে। | |
| ১২। | বিবিধ | ক) বর্তমানে ৩টি ভালভাবে সচল রয়েছে। ১টি EDS অকেজো রয়েছে। আরও ৩টি নতুন যুক্ত হওয়ার অপেক্ষায় রয়েছে। উক্ত ০৩টি EDS সরবরাহের নিমিত্ত সরবরাহকারী প্রতিষ্ঠান হতে আমন্ত্রণ পত্র পাওয়া গেলে Factory ভিজিট করা হবে। উল্লেখ্য যে, সরবরাহকারী প্রতিষ্ঠান নতুন মালামাল সরবরাহের জন্য ৬ সপ্তাহ সময় চেয়েছে। তাদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।<br><br>খ) শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিং-এর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চবক-এর সাথে আলোচনা অব্যাহত আছে। এছাড়া, বিভাগীয় কমিশনারদের মাসিক সমন্বয় সভায় ও চেয়ারম্যান মহোদয় বিষয়টি উত্থাপন করেন। | সংগ্রহের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং রপ্তানি কার্গো টার্মিনালের EDS, Scanner-সহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতির অপারেশনের বিষয়টি মন্ত্রণালয়েকে অবহিত করতে হবে।<br><br>খ) শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অ্যাপ্রোচ লাইটিং-এর জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-এর মালিকানাধীন ২.৮৫ একর জমি বেবিচক'র অনুকূলে হস্তান্তর করার জন্য চবক-এর সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (সিএনএস)<br><br>পরিচালক (প্রশাসন) |
| ১৩। | মহান বিজয় দিবস- ২০২২ উদযাপন | মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে 'Mujib's Bangladesh'-এর Logo ও থার্ড টার্মিনাল কে মূল বিষয় হিসেবে উপস্থাপন করে যান্ত্রিক বহর প্রস্তুতের ক্ষেত্রে মন্ত্রণালয়সহ সকল সংস্থা প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহর প্রস্তুতের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সভাপতি সদস্য(প্রশাসন)। সভাপতির প্রত্যক্ষ দিক নির্দেশনায় কার্যক্রমটি যথাযথভাবে পরিচালিত হচ্ছে। | |

২.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি,বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.১৫.০০৭.২১-৫৩ ৬৩৪ তারিখ:২৭/১০/২০২২ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. সদস্য .............................................. (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩. নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৪. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
০৫. পরিচালক ......সিএনএস......................................(সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬. পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৭. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ সহ)।
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৯. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা/অডিট/গণসংযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. জনাব জান্নাতুল ফেরদৌস, সহকারী পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. বিমানবন্দর ব্যবস্থাপক.......................................(সকল)।


( মোঃ জহিরুল ইসলাম )
পরিচালক (প্রশাসন)
সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
ফোন-৮৯০১৪১২